আনন্দবাজার পত্রিকা

3 February, 2019

চিকিৎসকের বই

🕪 চিকিৎসক যখন লেখক। ৪৩তম আন্তর্জাতিক কলকাতা বইমেলায় দুই চিকিৎসকের দু'টি বই প্রকাশ পেল। দু'টিই বাংলা ভাষায়। পুড়ে যাওয়া ক্ষতে প্লাস্টিক সার্জারি, ক্লেফ্ট লিপ এবং কসমেটিক সার্জারির পদ্ধতি ও সচেতনতা নিয়ে সাধারণ মানুষের জন্য প্রথম বই বার করলেন প্লাস্টিক সার্জন অরিন্দম সরকার। 'সৌন্দর্যের চাবিকাঠি, প্লাস্টিক ও কসমেটিক সার্জারি' বইটি মেলায় পাওয়া যাচ্ছে। অন্য দিকে, ফি**জিক্যাল** মেডিসিনের চিকিৎসক রাজেশ প্রামাণিকের লেখা বইটির নাম 'ব্যথা দূর হটো'। গ্যাসের ব্যথা ও গাঁটের রোগ ছাড়াও চিরকালের অবহেলিত অস্টিয়ো আর্থ্রাইটিস, ফ্রোজেন শোল্ডার, টেনিস এলবো প্রভৃতি নিয়ে সহজ ভাবে বোঝানো হয়েছে বইটিতে।